



## চূড়ান্ত লক্ষ্য কি?

পৃথিবীর জন্য যীশুর হৃদয়! আমরা শেষকে(telos) মনে নিয়ে শুরু করবো।

পৃথিবীতে থাকাকালীন, যীশু তার অনুসারীদেরকে অনেক বড় বড় কাজ করার এবং সমগ্র জাতিকূলে পবিত্র আত্মার মহা শক্তিতে শিষ্য তৈরি করার কাজ শেষ(telos) করার সক্ষমতা দিয়েছেন। (শ্রেণিত ১:৮) ঈশ্বর এই বাস্তবতাকে যোগে ২:২৮-২৯ পদে প্রতিজ্ঞা করেছেন:

“আর আমি মর্ত্যমাত্রের উপর আমার আত্মা সেচন করিব, আর তোমার পুত্র কন্যাগণ ভাববাণী বলিবে, তোমার প্রাচীরের স্বপ্ন দেখিবে ও তোমার যুবকেরা দর্শন পাইবে।.. আর তৎকালে আমি দাস ও দাসীদেরও উপর আমার আত্মা সেচন করিব।”

মূল শব্দ

# τέλος

telos = চূড়ান্ত লক্ষ্য, গন্তব্য, শেষ

## আপনি এক প্যাডেলে সাইকেল চালাতে পারেন, কিন্তু দুইটার সাথে সাথে চালানো আরো সহজ!

“পাঁচ পরিবার” একটি কাঠামো দেখায় যার দ্বারা আমরা বুঝতে পারি নারী এবং পুরুষ কিভাবে সম্পর্কযুক্ত।

- **আদর্শ পরিবার-** আদিতে ঈশ্বর পরিবার সম্পর্কে তাঁর নিখুঁত পরিকল্পনা প্রকাশ করেছিলেন। একজন পুরুষ ও একজন নারী, পাশাপাশি, কাঁধে কাঁধ মিলিয়ে। দুইজনই পবিত্র, পাপহীন, সম্মানজনক, এবং পৃথিবীকে পরিপূর্ণ করার এবং কতৃত্ব করার আশির্বাদ প্রাপ্ত।
- **পতিত পরিবার-** ঈশ্বরের শত্রু ছলনার সাথে প্রথম নারী ও পুরুষকে আক্রমণ করে। পৃথিবীতে পাপ প্রবেশ করে এবং অসুস্থতা, লজ্জা, ভয়, শোষণ, ও মৃত্যু নিয়ে আসে। প্রতিটি সংস্কৃতি এবং প্রতিটি ব্যক্তি এখন এই পতিত পৃথিবীর বোঝা নিয়ে সংগ্রাম করছে। এই পতন নারী পুরুষের পারস্পরিক ভাগাভাগি করে পথ চলার সুন্দর নকশাকে ছিন্ন ভিন্ন করে দেয়।
- **উদ্ধারকৃত পরিবার-** যীশুর ক্রুশ এবং পুনরুত্থান সকল নারী পুরুষদের জন্য আশা ও জীবন নিয়ে আসে। ক্ষমাপ্রাপ্ত লোকেরা এখন সংস্কৃতির সাধারণ প্রত্যাশা উর্ধ্বে যেয়ে জীবন যাপন করতে পারে। খ্রীষ্টের মধ্য দিয়ে নারী পুরুষ আবার ঈশ্বরের রাজ্যের সহ-শাসক ও সম উত্তরাধিকারী, যারা পবিত্র আত্মার দানে পরিপূর্ণ।
- **বৃদ্ধিপ্রাপ্ত পরিবার-** আমরা শুধুমাত্র আশির্বাদ ও আত্মার দান পেয়ে সন্তুষ্ট নই। যীশুর জাতিরা জাতির জন্য আশির্বাদস্বরূপ। যীশু তার অনুসারীদেরকে নির্দেশ দিয়েছে তারা যেন শিষ্য বৃদ্ধিকরণের কাজ করে, পৃথিবীর চারিদিক পরিপূর্ণ করে এবং মানবতাকে পরিষ্কৃত হতে সাহায্য করে।
- **অনন্তকালীন পরিবার-** ঈশ্বরের প্রকৃত উদ্দেশ্য বোঝা যাবে এবং উত্থাপন করা যাবে অনন্তকালে। সেখানে থাকবে পবিত্র, সম্মানজনক সম্পর্কের সমাহার!

## ঈশ্বরের চরিত্রই প্রকৃত ভিত্তি

ঈশ্বরীয় শ্রেণীবিভাগ এই অধ্যয়নকে পরিচালনা করবে।

- **ঈশ্বরের চরিত্র-** সবকিছুই সবশেষে (telos) ঈশ্বরের প্রকৃতি ও চরিত্রের নিচে আসে। আর কোন ভিত্তি টিকবে না। প্রতিটি কাজ, বিশ্বাস, উদ্দেশ্য যা কিছু ঈশ্বরের চরিত্রের পবিত্রতার সাথে সামঞ্জস্যপূর্ণ সেই সমস্ত কিছু টিকে থাকবে। আর সব কিছু ম্লান হয়ে যাবে।
- **ঈশ্বরের রাজ্য-** রাজ্যই হলো যীশুর প্রথম ও প্রধান বার্তা। ঈশ্বরের রাজত্ব ও শাসন দেখায় যে ঈশ্বরের চরিত্র জীবনের প্রতিটি ক্ষেত্রে প্রকাশিত। জগতের রাজ্য শেষ হয়ে যাবে, কিন্তু ঈশ্বরের রাজ্য চিরকাল থাকবে।
- **ঈশ্বরের লক্ষ্য-** ঈশ্বর আকাঙ্ক্ষা যেন সকল মানুষ তাকে সম্পর্কের মধ্য দিয়ে জানে এবং গৌরবে প্রশংসা করে। এখনো অনেক লোক আছে যাদের কাছে সুসমাচার পৌঁছায়নি। সব লোকের কাছেই যীশুর সুসংবাদ পৌঁছানো দরকার।
- **ঈশ্বরের কর্মী-** ঈশ্বরের রাজ্য সবার কাছে পৌঁছে দেয়ার-ঈশ্বরের লক্ষ্য সম্পূর্ণ করতে, ঈশ্বরের রাজ্যের সমস্ত কর্মীদেরকেই প্রয়োজন। এই বইটি চায় ঈশ্বরের ফসল সংগ্রহকারীদের বৃদ্ধি করতে ও সজ্জিত করতে, যাতে সমস্ত লোক সংযুক্ত হয়, বিশেষত যারা এখনো সুসমাচার জানে নি।

### দৃঢ় ভিত্তি

পুরো বাইবেলই কতৃত্বপূর্ণ এবং শিক্ষা ও সংশোধনে পূর্ণ। নারী পুরুষের সম্পর্ক - ঈশ্বরের রাজ্য ও তাঁর চরিত্রের আলোকে, যেভাবে তার বাক্যে বর্ণনা করা হয়েছে, সেভাবে বুঝতে হবে। অধিকারের জন্য আকাঙ্ক্ষা (নারী) অথবা প্রতিরক্ষা(পুরুষ) সঠিক শুরু বা শেষ নয় (telos)।

ঈশ্বরের বৈশ্বিক লক্ষ্যের সম্পূর্ণতা (telos)আনার অভিত্রায় আমাদেরকে শিখতে বাধ্য করবে কিভাবে শিষ্য বহুগুণে বৃদ্ধি করা যায় এবং এমন কর্মী তৈরি করা যায় যারা ঈশ্বরের চরিত্র, রাজ্য ও লক্ষ্যকে প্রতিফলিত করে।

### উপসংহার

সবশেষে (telos), আমরা প্রার্থনা করি যেন আপনার হৃদয়ের চোখ আলোকিত হয়, এবং ঈশ্বরের লক্ষ্য সম্পূর্ণ হয় (telos)!

### ৪ টি গুরুত্বপূর্ণ

- ১.এই পৃষ্ঠাটি ঈশ্বর সম্পর্কে আমাদেরকে কি শেখায়?
- ২.জাতি বা লোক সম্পর্কে কি শিক্ষা দেয়?
- ৩.আমি কোন আদেশটি পালন করবো?
৪. আমি এটি কার কাছে বলতে পারি?